

# এইচএসসি পরীক্ষার তারিখ ঘোষণা, রুটিন প্রকাশ

সংবাদ অনলাইন নিজস্ব বার্তা পরিবেশক

: বৃহস্পতিবার, ০৮ জুন ২০২৩



চলতি বছরের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। আগামী ১৭ আগস্ট পরীক্ষা শুরু হয়ে চলবে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত। এরইমধ্যে পরীক্ষার রুটিনও প্রকাশ করা হয়েছে।

বৃহস্পতিবার (৮ জুন) ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মো. আবুল বাশার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা যায়।

শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অফিস সূত্রে জানা যায়, কয়েক বছর ধরে প্র্যাকটিস শুরু হয়েছে, পাবলিক পরীক্ষাগুলো সাধারণত রোববার অথবা বৃহস্পতিবার শুরু হয়। সে হিসেবে ১৭ আগস্ট বৃহস্পতিবার এইচএসসি পরীক্ষা শুরুর প্রস্তাব করা হয়েছে। একই তারিখে সাধারণ ৯টি শিক্ষাবোর্ডের পাশাপাশি মাদ্রাসা ও কারিগরি বোর্ডের পরীক্ষাও শুরু হবে।

সুত্রে আরও জানা যায়, ২০১০ সাল থেকে প্রতিবছর ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে এসএসসি ও এপ্রিলের প্রথম সপ্তাহে এইচএসসি পরীক্ষা শুরু হয়ে থাকে। কিন্তু করোনাভাইরাসের কারণে এ সময়সূচিতে পরিবর্তন আসে ২০২০ সালে। ২০২১ সালে এইচএসসি পরীক্ষা শুরু হয় ২ ডিসেম্বর এবং ২০২২ সালের পরীক্ষা শুরু হয় ৬ নভেম্বর।

ରୁଟିନେ ପିଛିଯେ ଯାଉୟା ଏହି ପରୀକ୍ଷା ଧୀରେ ଧୀରେ ଏଗିଯେ ଆନାର ପରିକଳ୍ପନା ହାତେ ନେଯ ଶିକ୍ଷା ମନ୍ତ୍ରନାଲୟ । ସିଦ୍ଧାନ୍ତ ହୟ ୨୦୨୩ ସାଲେର ପରୀକ୍ଷା ଜୁଲାଇ ମାସର ମାଝାମାର୍ବି ସମୟ ନେଓଯା ହବେ । କିନ୍ତୁ କଲେଜଗୁଲୋ ସିଲେବାସ ଶେଷ କରତେ ନା ପାରାଯ ଏହି ପରୀକ୍ଷା ଏକ ମାସ ପିଛିଯେ ଏଥନ ଆଗସ୍ଟେର ମାଝାମାର୍ବି ନେଓଯା ହବେ ବଲେ ଜାନାନ ବୋର୍ଡ କର୍ମକର୍ତ୍ତାରା ।

২০২৩ সালের এইচএসসি ও সমমান পরীক্ষা জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) ২০২২  
সালের পুনর্বিন্যাস করা পাঠ্যসূচি অনুযায়ী সব বিষয়ে অনুষ্ঠিত হবে।